



**ঢাকা বিশ্ববিদ্যালয় :** ভাস্কর্য বিভাগে ০১ (এক)টি স্থায়ী শূন্য প্রভাষকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**বেতন স্কেল :** ২২,০০০.০০-৫৩,০৬০.০০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

**লেকচারার পদের জন্য যোগ্যতা :** প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫সহ ভাস্কর্য বিষয়ে বি.এফ.এ (সম্মান) এবং এম.এফ.এ উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। যে সকল প্রার্থী অনার্স বা মাস্টার্স পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটি অনুমোদিত শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা) মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি আবেদনপত্রের সাথে সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৯/১২/২০২১। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

PF-260-1694/21 (5"x3)